

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

আশ্রয়ণ-২ প্রকল্প

তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০২০.০০.০০.১৭৬৬.২০১৮-৫০৭০

তারিখ : ২১/১০/২০১৮খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

প্রধানমন্ত্রীর কার্যালয়

সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৮-১৯ অর্থ বছরে খাদ্যশস্যের পরিবর্তে ব্যারাক নির্মাণের নিমিত্তে মাটির কাজের ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসকের অনুকূলে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আমি নিম্নলিখিত প্রকল্পখামের মাটির কাজের ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসক, চাঁদপুরের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি :

ক্র. নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	বরাদ্দকৃত পরিমাণ	গমের	ছাড়কৃত পরিমাণ	গমের	অবশিষ্ট পরিমাণ	গমের	ছাড়কৃত গমের সমপরিমাণ অর্থনৈতিক মূল্য (প্রতি টন= ২৯৩৬৯.১৩১ টাকা)
১	চাঁদপুর	সদর	বৈশাখী	৩৯৮৫.৯০৯ মেঃ টন		৯৯৬.৪৭৭ মে. টন		২৯৮৯.৪৩২ মে. টন		২৯২৬৫৬৬৩.৫৫
২	চাঁদপুর	সদর	ইব্রাহিমপুর	২৮২৩.১৬৮ মেঃ টন		৭০৫.৭৯২ মে. টন		২১১৭.৩৭৬ মে. টন		২০৭২৮৪৯৭.৭১
৩	চাঁদপুর	সদর	গোক্ষরদী-১	২০৭৪.৮৪৮ মেঃ টন		৫১৮.৭১২ মে. টন		১৫৫৬.১৩৬ মে. টন		১৫২৩৪১২০.৬৮
উপমোট				৮৮৮৩.৯২৫ মে. টন		২২২০.৯৮১ মে. টন		৬৬৬২.৯৪৪ মে. টন		৬৫২২৮২৮১.৯৪
৪	চাঁদপুর	হাইমচর	কাঁশফুল নিউচর	৯২১.৮১২ মেঃ টন		৭৩৭.৪৪৯ মে. টন		১৮৪.৩৬৩ মে. টন		২১৬৫৮২৩৬.২৯
৫	চাঁদপুর	হাইমচর	ঈশানবালা	৪৬৪.২০৭ মেঃ টন		৩৭১.৩৬৫ মে. টন		৯২.৮৪২ মে. টন		১০৯০৬৬৬৭.৩৩
৬	চাঁদপুর	হাইমচর	মোল্লাকান্দি	৫০০.৭৫৯ মেঃ টন		৪০০.৬০৭ মে. টন		১০০.১৫২ মে. টন		১১৭৬৫৪৭৯.৪৬
উপমোট				১৮৮৬.৭৭৮ মে. টন		১৫০৯.৪২১ মে. টন		৩৭৭.৩৫৭ মে. টন		৪৪৩৩০৩৮৩.০৮
সর্বমোট				১০৭৭০.৭০৩ মেঃ টন		৩৭৩০.৪০২ মে. টন		৭০৪০.৩০১ মে. টন		১০৯৫৫৮৬৬৫.০
কথায় : দশ কোটি পঁচানব্বই লক্ষ আটান্ন হাজার ছয়শত পঁয়ষট্টি টাকা মাত্র।										

২। জেলা প্রশাসক, চাঁদপুর বরাদ্দকৃত অর্থ উপজেলা নির্বাহী অফিসার চাঁদপুর সদর এবং হাইমচর, চাঁদপুর এর অনুকূলে কাজের অগ্রগতি অনুযায়ী উপ-বরাদ্দ আদেশ জারী করবেন।

৩। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩১.১২.২০১৮ইং তারিখের মধ্যে প্রকল্পের মাটির কাজ সমাপ্ত করতে হবে।

৪। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৫। আর্থিক বিধি ও দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীন অবকাঠামো সংস্কার কর্মসূচীর কাবিটা পদ্ধতি অনুসরণ করে অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৬। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্যের সমপরিমাণ টাকা দ্বারা নির্ধারিত তারিখের পূর্বে মাটির কাজ সমাপ্ত করে ৭(সাত) দিনের মধ্যে সমাপ্ত প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌঁছাতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।

৭। গমকে টাকায় রূপান্তরের প্রেক্ষিতে চলতি ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটে গ্রান্ট নং ০২ প্রধানমন্ত্রীর কার্যালয় '১০৩০১০২' এর আওতাধীন ২১১০০০২০১-কাজের বিনিময়ে সরবরাহকৃত খাদ্য সামগ্রীর মূল্য (এডিপি বহির্ভূত) খাতে বরাদ্দকৃত ৮৮.১০৭৪ কোটি টাকা হতে রূপান্তরিত গমের সমমূল্য '২১১০০০৩০২-গ্রামীণ অবকাঠামো উন্নয়ন(মাটির কাজ) (এডিপি বহির্ভূত) খাতে পুনঃউপযোজনপূর্বক আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

৮। অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.২০.০০৯.১৩-৪২৩, তারিখ ১০/১০/২০১৮ তে জারীকৃত পত্রের প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারী করা হল।

৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্ধৃত থাকলে তা ৩০শে জুন, ২০১৯ এর পূর্বে চালানোর মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানোর কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬, তারিখ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১১। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত "emboss" সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

আপনার একান্ত,


(আবুল কালাম শামসুদ্দিন)

প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)

ফোন : ৯১২৪১০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ-উপ-সচিব, অধিশাখা-৩]
- ২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ৫। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর ও হাইমচর (বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/চাঁদপুর এবং হাইমচর/চাঁদপুর।
- ৭। বাজেট অফিসার, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৮। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর/চাঁদপুর এবং হাইমচর/চাঁদপুর।
- ৯। প্রকল্প নথি/অফিস কপি।